অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/8/2025 **গভর্নর ক্যাথি হোকল**

ভেটেরান ও ইউনিফর্মধারী কর্মীদের জন্য আত্মহত্যা প্রতিরোধের প্রচেষ্টায় সহায়তা করার জন্য 2 মিলিয়ন ডলার বরাদ্দ দেওয়া সম্পর্কে গভর্নর হোকল-এর ঘোষণা

CARES UP উদ্যোগ মানসিক আঘাত ও মানসিক সুস্থতা বিষয়ক প্রশিক্ষণ বাস্তবায়নের জন্য ভেটেরানদের সংগঠন, প্রথম সাড়াদানকারী ও সংশোধন সংস্থাগুলোকে 60,000 ডলার প্রদান করছে

গভর্নরের 2025 অর্থবছরের বাজেটে আইন প্রয়োগকারী সংস্থার কর্মকর্তা, দমকল কর্মী, জরুরি মেডিকেল পরিষেবার সদস্য, কারেকশন অফিসার ও সামরিক বাহিনীর ভেটেরানদের সহায়তা করার জন্য দ্বিগুণ তহবিল বরাদ্দ করা হয়েছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ভেটেরানদের ও ইউনিফর্মধারী কর্মীদের মধ্যে সহনশীলতা ও আত্মহত্যা প্রতিরোধের প্রচেষ্টা সম্প্রসারণ করার জন্য 2 মিলিয়ন ডলার পর্যন্ত লভ্য হওয়ার কথা ঘোষণা করেছেন, যাদের মধ্যে আইন প্রয়োগকারী সংস্থার সদস্য, দমকল কর্মী, জরুরি মেডিকেল পরিষেবার কর্মী, কারেকশন অফিসার ও জরুরি ডিসপ্যাচাররা অন্তর্ভুক্ত রয়েছেন। নিউ ইয়র্কের অফিস অব মেন্টাল হেলথ (Office of Mental Health, OMH)-এর নিউ ইয়র্কের আত্মহত্যা প্রতিরোধ কেন্দ্রের (Suicide Prevention Center of New York) মাধ্যমে পরিচালিত, CARES UP উদ্যোগ সংস্থা ও সংগঠনগুলোকে নিজেদের সদস্যদের মধ্যে আত্মহত্যা প্রতিরোধের প্রচেষ্টা ও সুস্থতা বিষয়ক কর্মসূচি বৃদ্ধি করার জন্য তহবিল প্রদান করছে।

"আমাদের বাহিনীর সদস্য ও প্রথম সাড়াদানকারীরা কর্মক্ষেত্রে প্রচণ্ড পরিমাণ মানসিক আঘাত ও চাপের সম্মুখীন হয়ে থাকেন এবং এটি তাদের মানসিক সুস্থতাকে ক্ষতিগ্রস্ত করতে পারে," **বলেছেন গভর্নর Hochul (হোকল)।** "CARES UP উদ্যোগের মাধ্যমে প্রদান করা তহবিল স্টেটজুড়ে সংগঠন ও সংস্থাগুলোকে নিজেদের কর্মসূচিতে সহনশীলতা ও মানসিক সুস্থতাকে অন্তর্ভুক্ত করতে সাহায্য করছে, যা এসব ব্যক্তি যাতে তাদের ন্যায্যভাবে পাওয়ার অধিকার ও প্রয়োজন রয়েছে এমন সাহায্য ও সহায়তা অ্যাক্সেস করতে পারেন সে বিষয়টি নিশ্চিত করছে।"

CARES UP কর্মসূচি নিজেদের সংস্থাগুলোতে আত্মহত্যা প্রতিরোধের প্রচেষ্টা ও সুস্থতা বিষয়ক কর্মসূচি বৃদ্ধি করতে দুই বছরের জন্য প্রতি বছর প্রতিটি খাতে 30,000 ডলার প্রদান করছে। গভর্নর Hochul (হোকল) 2025 অর্থবছরের স্টেট বাজেটে এই কর্মসূচির জন্য দ্বিগুণ তহবিল

বরাদ্দ করতে সফল হয়েছেন, যা এটিকে বছরে 2 মিলিয়ন ডলারে উন্নীত করেছে এবং OMH-কে জরুরি ডিসপ্যাচারদের জন্য উপযুক্ততা সম্প্রসারণ করার সুযোগ করে দিয়েছে।

প্রথম সাড়াদানকারী সংস্থাগুলো সহনশীলতা, মানসিক স্বাস্থ্য ও সুস্থতা, আত্মহত্যা প্রতিরোধ ও পিয়ার সাপোর্টের মতো বিভিন্ন বিষয়ে জাতীয় পর্যায়ের বিশেষজ্ঞদের কাছ থেকে প্রশিক্ষণ গ্রহণ করতে এবং প্রতিটি সংস্থার অনন্য চাহিদাগুলো পূরণ করতে সুনির্দিষ্ট সংস্থা ভিত্তিক পদক্ষেপ বাস্তবায়ন করতে আত্মহত্যা প্রতিরোধ কেন্দ্রের সঙ্গে কাজ করে থাকে। উদাহরণের মধ্যে রয়েছে নিজেদের কর্মী ও পরিবারগুলোর জন্য মানসিক স্বাস্থ্য বা সুস্থতা বিষয়ক অ্যাপ ক্রয় করা, সুস্থতা বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করা এবং অভ্যন্তরীণ পিয়ার সাপোর্ট সংস্থানসমূহ সম্প্রসারণ করা।

এছাড়া এই উদ্যোগ অনওয়ার্ড অপস (Onward Ops)-এর মাধ্যমে ভেটেরানদের সংগঠনগুলোকে সহায়তা করার জন্যেও অনুদান প্রদান করে থাকে। গ্রহীতা সংগঠনগুলো দায়িত্ব পালন শেষে নিজেদের কমিউনিটিগুলোতে ফিরে যাওয়া বাহিনীর সদস্যদের সোশ্যাল ওয়েলফেয়ার উন্নত করতে এই তহবিল ব্যবহার করে থাকে।

অফিস অব মেন্টাল হেলথ-এর কমিশনার Dr. Ann Sullivan (ড. অ্যান সালিভান) বলেন, "CARES UP আমাদের কমিউনিটিগুলোকে সুরক্ষিত রাখার জন্য নিজেদের নিরাপত্তার ঝুঁকি নেওয়া নিউ ইয়র্কবাসীদের জন্য ইতিবাচক মানসিক সুস্থতা ও আত্ম-পরিচর্যার প্রসার ঘটায়। এই সহায়তা কর্মক্ষেত্রে চাপ ও মানসিক আঘাতের সম্মুখীন হওয়া ব্যক্তিদের নিজেদের অভিজ্ঞতা প্রক্রিয়া করতে কাজ করার সময়ে জীবন রক্ষাকারী ভূমিকা পালন করতে পারে। এই কর্মসূচির জন্য গভর্নর Hochul (হোকল)-এর অব্যাহত সহায়তা আমাদের ভেটেরান ও প্রথম সাড়াদানকারীদের এবং তাদের পরিবারগুলোকে সাহায্য করার জন্য তার অঙ্গীকারাবদ্ধতাকে প্রমাণ করছে।"

স্টেট সিনেটর Samra G. Brouk (সামরা জি. ব্রুক) বলেন, "দায়িত্ব গ্রহণের পর থেকে, আমি আমার ডিস্ট্রিক্ট ও স্টেটে থাকা আমাদের ভেটেরানদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ মানসিক স্বাস্থ্য সংক্রান্ত সংস্থানসমূহের অ্যাক্সেস সম্প্রসারণ করার জন্য লড়াই করে আসছি। নিউ ইয়র্ক স্টেটে আত্মহত্যাকারী ব্যক্তিদের মধ্যে 11 শতাংশেরও বেশি হলেন ভেটেরান– তাদের আরো বেশি জীবন রক্ষাকারী ইন্টারভেনশন ও পিয়ার সাপোর্ট প্রয়োজন। মানসিক আঘাত সম্পর্কে অবহিত মানসিক সুস্থতাকে অগ্রাধিকার দেওয়ার মাধ্যমে ভেটেরানদের ও প্রথম সাড়াদানকারীদের জন্য আত্মহত্যা প্রতিরোধ প্রচেষ্টায় বিনিয়োগ করার জন্য গভর্নর Hochul (হোকল)-কে ধন্যবাদ।"

স্টেট সিনেটর Jessica Scarcella-Spanton (জেসিকা স্কারসেলা-স্প্যান্টন) বলেন, "প্রতিদিন 22 জন ভেটেরান মর্মান্তিকভাবে নিজেদের জীবনকে শেষ করে দিচ্ছেন, যে বিষয়টি ভেটেরান কমিউনিটির মধ্যে মানসিক স্বাস্থ্য সংকট মোকাবেলা করার জরুরি প্রয়োজনের উপর গুরুত্ব আরোপ করছে। নিউ ইয়র্ক সিনেটের ভেটেরানস, হোমল্যান্ড সিকিউরিটি ও মিলিটারি অ্যাফেয়ার্স কমিটির (Veterans, Homeland Security, and Military Affairs Committee) সভাপতি হিসেবে—এবং একজন আর্মি ভেটেরানের স্ত্রী হিসেবে—আমি আমাদের ভেটেরানরা দায়িত্ব পালন শেষে বাড়িতে ফিরে আসার পরে যে অপরিসীম চ্যালেঞ্জের সম্মুখীন হন তা সরাসরি প্রত্যক্ষ করেছি। আমাদের প্রথম সাড়াদানকারীরা, যারা প্রায় ক্ষেত্রেই নিজেদের মানসিক

স্বাস্থ্যকে ক্ষতিগ্রস্ত করে অন্যদের সুরক্ষিত রাখতে এবং অন্যদের জীবন বাঁচাতে গিয়ে প্রতিদিন জীবনের ঝুঁকি নিচ্ছেন, তারা যে ক্ষতিকর প্রভাবের সম্মুখীন হচ্ছেন তাও আমি অনুধাবন করি। এই তহবিলের মাধ্যমে গভর্নর Hochul (হোকল)-এর পদক্ষেপ গ্রহণের আহবান এই সংকট মোকাবেলার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। আত্মহত্যাকে ঘিরে রাখা কলঙ্কের মনোভাব কমিয়ে আনা এবং ঝুঁকিতে থাকা ভেটেরান ও প্রথম সাড়াদানকারীদের জন্য সহায়তা সম্প্রসারণ করার মাধ্যমে, নিউ ইয়র্ক এই বিষয়ে নেতৃত্ব দিচ্ছে। Cares Up উদ্যোগের মাধ্যমে লভ্য হওয়া 2 মিলিয়ন ডলারের তহবিল আমাদের কমিউনিটিগুলো ও দেশের সেবা করা ব্যক্তিদের জীবনে স্থায়ী পার্থক্য তৈরি করবে এমন আত্মহত্যা প্রতিরোধ প্রচেষ্টা জোরদার করতে এবং সুস্থতা বিষয়ক কর্মসূচি প্রণয়ন করতে সংস্থা ও সংগঠনগুলোর ক্ষমতায়ন করবে।"

CARES UP অ্যাওয়ার্ডের প্রথম কোহর্ট 2022 সালে ইস্যু করা হয়েছিল। গত বছর, CARES UP দ্বিতীয় একটি কোহর্ট চালু করেছে, যেখানে 15টি সংগঠনকে তহবিল প্রদান করা হয়েছে – যাদের মধ্যে তিনটি EMS স্কোয়াড, পাঁচটি আইন প্রয়োগকারী সংস্থা, একটি দমকল বিভাগ এবং একটি কারেকশন্স ডিপার্টমেন্ট – এবং ভেটেরানদেরকে সেবা প্রদান করা তিনটি সংগঠন রয়েছে।

অধ্যয়নে দেখা গেছে যে ইউনিফর্মধারী কর্মীদের পেশায় ক্রমবর্ধমান চাপ ও মানসিক আঘাত একটি কমন বিষয় এবং এগুলো এসব ব্যক্তিকে আত্মহত্যার বৃহত্তর ঝুঁকির সম্মুখীন করেছে। সাম্প্রতিক একটি অধ্যয়ন অনুযায়ী, প্রথম সাড়াদানকারীদের আত্মহত্যার মাধ্যমে মৃত্যুবরণ করার সম্ভাবনা দায়িত্ব পালন করতে গিয়ে মৃত্যুবরণ করার সম্ভাবনার চেয়ে বেশি।

একইভাবে, নিউ ইয়র্কের ভেটেরানরা বেসামরিক ব্যক্তিদের তুলনায় প্রায় দ্বিগুণ হারে আত্মহত্যার মাধ্যমে মৃত্যুবরণ করে থাকেন –যে হার 2012 সাল থেকে তুলনামূলকভাবে অপরিবর্তিত রয়েছে। নিউ ইয়র্কে 55 বছরের কম বয়সী ভেটেরানদের মধ্যে নিয়মিতভাবে আত্মহত্যার সর্বোচ্চ হার দেখা গেছে।

নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অব ভেটেরান্স সার্ভিসেস (Department of Veterans' Services)-এর কমিশনার Viviana DeCohen (ভিভিয়ানা ডি কোহেন) বলেন, "আমাদের ভেটেরান ও ইউনিফর্মধারী কর্মীদের মানসিক স্বাস্থ্য ও সুস্থতার প্রতি গভর্নর Hochul (হোকল)-এর অবিচল অঙ্গীকারাবদ্ধতা একটি ইতিবাচক পার্থক্য তৈরি করছে এবং জীবন রক্ষা করছে। CARES UP কর্মসূচি নিশ্চিত করছে যে যারা আমাদের দেশ ও নিজেদের কমিউনিটিগুলোকে সেবা দেওয়া ও সুরক্ষিত রাখার জন্য নিজেদের জীবনকে নিবেদিত করেছেন, তারা তাদের সম্মুখীন হওয়া অনন্য চাপ ও মানসিক আঘাতের সঙ্গে মানিয়ে নেওয়ার জন্য তাদের প্রয়োজনীয় সহায়তা পাচ্ছেন। CARES UP-এ গভর্নরের নজিরবিহীন বিনিয়োগ নিঃসন্দেহে জীবন বাঁচাবে এবং আমাদের বীরদের সহনশীলতাকে জোরদার করবে। নিউ ইয়র্কের ভেটেরান, বাহিনীর সদস্য, সামরিক পরিবারগুলো এবং সুরক্ষিত রাখা ও দায়িত্ব পালন করা সব ব্যক্তির চাহিদাগুলো পূরণ করার ক্ষেত্রে তার অব্যাহত নেতৃত্বের জন্য আমি গভর্নরকে ধন্যবাদ জানাই।"

ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস (Division of Homeland Security and Emergency Services)-এর কমিশনার Jackie Bray (জ্যাকি ব্রে) বলেন, "আমাদের প্রথম সাড়াদানকারীরা প্রতিদিন এমন সব পরিস্থিতির সম্মুখীন হন যা

অন্যরা কল্পনাও করতে পারবে না এবং তাদেরকে নিজেদেরকে মানসিকভাবে সুস্থ রাখার জন্য প্রয়োজনীয় সংস্থানসমূহ প্রদান করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এসব প্রচেষ্টা সেসব চাহিদা পূরণ করার ক্ষেত্রে সুদূরপ্রসারী ভূমিকা রাখবে যাতে আমরা আমাদের প্রথম সাড়াদানকারীদেরকে সেভাবে নিরাপদ রাখতে পারি যেভাবে তারা আমাদেরকে নিরাপদ রাখেন।"

স্টেটের ডিভিশন অব ক্রিমিনাল জাস্টিস সার্ভিসেস (Division of Criminal Justice Services, DCJS)-এর কমিশনার Rossana Rosado (রোজানা রোসেডো) বলেন, "নিজেদের দেশের সেবা করার জন্য নিজেদের ক্যারিয়ারকে নিবেদিত করে দেওয়া পুরুষ ও মহিলাদের সুস্থতা নিশ্চিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমাদের স্টেটের আইন প্রয়োগকারী সংস্থার পেশাজীবীরা যাতে তাদের সম্মুখীন হওয়া প্রচণ্ড চাপের মুখে নিজেদের শারীরিক ও মানসিক স্বাস্থ্য বজায় রাখার জন্য অপরিহার্য শিক্ষা, সরঞ্জাম ও সংস্থানসমূহ পান এবং প্রয়োজন হলে সহায়তার জন্য তারা কোথায় যেতে পারবেন তা জানেন সে বিষয়টি নিশ্চিত করতে সাহায্য করার জন্য, DCJS-তে আমরা প্রাথমিক প্রশিক্ষণ ও দায়িত্ব পালনকালীন কোর্সের মধ্যে এসব বিষয়কে অন্তর্ভুক্ত করেছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন